**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 22-01-2026** **Desk in Charge :- SDG**

**Time: 7-35 A.M.** **Compiling : Priya B.**

**DEO:- KB** **NRT : Priya B.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ–

১/ ২৪শে জানুয়ারীর মধ্যে লজিক্যাল ডিসক্রিপেন্সি এবং আনম্যাপ্‌ড ক্যাটাগরিতে থাকা ভোটারদের নামের তালিকা প্রকাশ করতে হবে বলে নির্বাচন কমিশন, মুখ্য নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছে।

২/ রাজ্যে SIR প্রক্রিয়া ঘিরে যেকোনো অশান্তির ঘটনায় রাজ্য প্রশাসনকে কঠোর ব্যবস্থা নিতে বলেছেন, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার।

৩/ স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের মেধা তালিকা প্রকাশিত হয়েছে।

৪/ শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহা, এবং অন্যান্যদের মালিকানাধীন ৫৭ কোটি ৭৮ লক্ষ টাকার বেশী মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি।

৫/ ৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শুরু হচ্ছে।

৬/ রঞ্জি ট্রফি ক্রিকেটে বাংলা আজ সার্ভিসেসের মুখোমুখি হবে।

***********************************************************************

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR সংক্রান্ত বিষয়ে সুপ্রিম কোর্টের নির্দেশ কঠোরভাবে মেনে চলতে হবে বলে নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছে। এতে বলা হয়েছে, শীর্ষ আদালতের নির্দেশ অনুযায়ী আগামী ২৪শে জানুয়ারীর মধ্যে তথ্যগত অসংগতি বা লজিক্যাল ডিসক্রিপেন্সি এবং আনম্যাপ্‌ড ক্যাটাগরিতে থাকা ভোটারদের নামের তালিকা, গ্রাম পঞ্চায়েত ভবন, ব্লক অফিস এবং ওয়ার্ড অফিসে টাঙাতে হবে। তালিকা প্রকাশের পর নথি জমা দেওয়ার জন্য ১০ দিন সময় দেওয়া হবে। ভোটাররা অনুমোদিত প্রতিনিধি বা বুথ লেবেল এজেন্ট-দের মাধ্যমে তাঁদের নথি বা আপত্তি সংক্রান্ত তথ্য জমা দিতে পারবেন। তবে এক্ষেত্রে প্রতিনিধিদের কাছে অথরিটি লেটার থাকা বাধ্যতামূলক। ERO বা AERO-রা নথি জমা নিয়ে রশিদ এবং শুনানি যে হয়েছে, সেই সংক্রান্ত শংসাপত্র'ও দেবেন। BLO-দের অথরিটি লেটার, নথি জমার রশিদ এওং শুনানির শংসাপত্র BLO অ্যাপে আপলোড করতে হবে। শুনানির সময় মাধ্যমিকের সার্টিফিকেট ছাড়াও, গ্রহণ করা হবে অ্যাডমিট কার্ড ।

*********************

SIR প্রক্রিয়া ঘিরে রাজ্যে বিভিন্ন জায়গায় সাম্প্রতিক অশান্তির আবহে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করে বলেছেন, আইনশৃঙ্খলা ভাঙার যেকোনও প্রচেষ্টার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কাউকেই আইন নিজের হাতে তুলতে দেওয়া হবে না। এব্যাপারে মুখ্যসচিব, পুলিশের মহানির্দেশক এবং কলকাতা পুলিশ কমিশনারকে পাঠানো চিঠিতে বলা হয়েছে, পঞ্চায়েত ভবন, ব্লক অফিস, এবং ওয়ার্ড অফিসে নিরাপত্তা বজায় রাখতে পর্যাপ্ত কর্মী মোতায়েনের দায়িত্ব নিতে হবে রাজ্য সরকারকে। জেলাশাসক ও পুলিশ সুপারদের প্রতিটি শুনানি কেন্দ্রেই পর্যাপ্ত পুলিশি ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে। সাধারণ মানুষকে কোনও প্ররোচনায় পা না দেওয়ার আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন।

*********************

SIR নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মানুষকে বিভ্রান্ত করছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। উত্তর দিনাজপুরের রায়গঞ্জে গতকাল 'পরিবর্তন

সংকল্প যাত্রা'-য় যোগ দিয়ে তিনি বলেন, ভোট ব্যাঙ্কে ভাটা পড়ার আশঙ্কা থেকেই তৃণমূল কংগ্রেস এই কাজ করছে।

( বাইট- SIR সুকান্ত )

*********************

ন্যূনতম ১৫ হাজার টাকা ভাতা সহ আট দফা দাবিতে রাজ্যের আশাকর্মীদের স্বাস্থ্য ভবন অভিযানে পুলিশী বল প্রয়োগের প্রতিবাদে আজ রাজ্য জুড়ে 'ধিক্কার দিবস' পালন করবেন তাঁরা। আশাকর্মী ইউনিয়ানের তরফে জানানো হয়েছে, বিভিন্ন জেলায় ব্লকে ব্লকে ধর্না কর্মসূচী চলবে। গতকাল স্বাস্থ্য ভবনে বৈঠকের পড়ে ভাতা বৃদ্ধির বিষয়ে সন্তোষজনক উত্তর না মেলায়, কর্মবিরতি চালিয়ে যক্সাবেন বলে আশা কর্মীরা জানিয়েছেন।

উল্লেখ্য, গতকাল তাঁদের স্বাস্থ্য ভবন অভিযানকে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহারা নেয় সল্টলেক এবং ধর্মতলা চত্বর। জেলায় জেলায় পুলিশের বিরুদ্ধে আশাকর্মীদের মিছিল আটকানো ও ট্রেনে উঠতে বাধা দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। স্বাস্থ্য ভবনের সামনে এবং ধর্মতলায় পুলিশের ব্যারিকেড ভেঙে আন্দোলনকারীরা এগনোর চেষ্টা করলে দু'পক্ষের ধস্তাধস্তি বাধে। দিনভর চাপানোতরের পর বিকেলে আশাকর্মীদের ৫ সদস্যের এক প্রতিনিধি দল স্বাস্থ্যভবনে গিয়ে দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। যদিও সেখানে উপস্থিত ছিলেন না স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম।

আশাকর্মীদের দাবিগুলি অত্যন্ত ন্যায়সঙ্গত বলে মন্তব্য করেছেন রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিৎ সরকার।

( বাইট—দেবজিত )

আশাকর্মীদের ওপর পুলিশের প্রতিরোধকে বর্বোরোচিত আখ্যা দিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আশা কর্মীদের ন্যায্য আন্দোলনে ভয় পেয়েই মুখ্যমন্ত্রীর পুলিশ প্রশাসন তাদের বাধা দিয়েছে এবং গ্রেপ্তার করেছে বলে বিজেপির মুখপাত্র অমিত মালব্য মন্তব্য করেছেন।

*********************

স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের মেধা তালিকা প্রকাশিত হয়েছে। মেধাতালিকায় প্যানেল এবং ওয়েটিং লিস্ট মিলিয়ে মোট ১৮ হাজার ২২৭ জন প্রার্থীর নাম রয়েছে। ১২ হাজার ৪৪৫ টি শূন্যপদের জন্য শিক্ষক নিয়োগ হবে। গত বছর ১৪'ই সেপ্টেম্বর অনুষ্ঠিত এই পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ২৯ হাজার ৬০৬ জনের বেশী প্রার্থী। নথি যাচাইয়ের জন্য ডাক পেয়েছিলেন প্রায় ২১ হাজার জন। তথ্যে গরমিল থাকায় এর মধ্যে থেকে বাদ যায় হাজার দেড়েক নাম। বাকিরা সবাই ইন্টারভিউয়ে ডাক পান। তাঁদের মধ্যে থেকেই সফল, ওয়েটিং লিস্ট এবং অনুত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ করেছে SSC।

আগামী ২৭ জানুয়ারি থেকে কাউন্সেলিং শুরু হবে বলে জানা গিয়েছে। এরপর সেই ভিত্তিতেই দেওয়া হবে নিয়োগ পত্র।

********************

বিধানসভা ভোটের আগেই শিক্ষাকর্মী নিয়োগের লিখিত পরীক্ষা আয়োজন করতে চলেছে, স্কুল সার্ভিস কমিশন। জানা গেছে, পয়লা এবং ১৫'ই মার্চ দু'টি পরীক্ষা নেওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে সরকারের কাছে। গ্রুপ-সি -তে ২'হাজার ৯৮৯টি এবং গ্রুপ-ডি-তে ৫'হাজার ৪৮৮টি শূন্যপদের জন্য নিয়োগ করা হবে। দু'টি পদে নিয়োগের জন্য আবেদন করেছেন প্রায় ১৬ লক্ষ পরীক্ষার্থী।

********************

SSC শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত মুর্শিদাবাদের বড়োয়ার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবন কৃষ্ণ সাহা, মিডলম্যান প্রসন্নকুমার রায় এবং অন্যান্যদের মালিকানাধীন প্রায় ৫৭ কোটি ৭৮ লক্ষ টাকা মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি। সামাজিক মাধ্যমে এক বিবৃতিতে ইডি জানিয়েছে, বাজেয়াপ্ত হওয়া সম্পত্তির মধ্যে রয়েছে আবাসিক ভবন, ভিলা, রিসর্ট, জমি ইত্যাদি। নিয়োগ দুর্নীতি মামলায় এই নিয়ে মোট বাজেয়াপ্ত সম্পত্তির পরিমাণ ৬৯৮ কোটি টাকায় দাঁড়ালো।

উল্লেখ্য, ২০২৫ এর আগস্টে ইডির হাতে গ্রেফতার হয়েছিলেন জীবনকৃষ্ণ।

********************

৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শুরু হচ্ছে। বিকেলে সল্টলেকের বই মেলা প্রাঙ্গণে এর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবারের ফোকাল থিম কান্ট্রি আর্জেন্টিনার বিশিষ্ট সাহিত্যিক গুস্তাবো কানসোব্রে। পাবলিশার্স এন্ড বুক সেলারস গিল্ডের সভাপতি সুধাংশু শেখর দে এবং সাধারণ সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় জানিয়েছেন, মেলার কদিন রাত দশটা পর্যন্ত মেট্রো পরিষেবা চালু থাকছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

এদিকে, বইমেলা উপলক্ষ্যে আগামীকাল থেকে তেসরা ফেব্রুয়ারী পর্যন্ত বিশেষ বাস পরিষেবা দেবে রাজ্য পরিবহণ নিগম। রাত ১০ তা পর্যন্ত কলকাতার বিভিন্ন রুটের জন্য এই পরিষেবা মিলবে।

*********************

মুর্শিদাবাদের জঙ্গীপুর পুরসভায় প্রশাসক নিয়োগের পুর ও নগরোন্নয়ন দফতরের সিদ্ধান্ত বাতিল করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজা বসু চৌধুরী গতকাল জানিয়েছেন, অবিলম্বে প্রশাসক সরিয়ে পুর প্রতিনিধিদের বোর্ড বহাল করতে হবে। গত বছর ১৯ ডিসেম্বর পুর বোর্ডের বিরুদ্ধে পরিষেবা প্রদানে ব্যর্থতার অভিযোগ তুলে তা মহকুমা শাসককে প্রশাসক হিসেবে নিয়োগ করা হয় । ২৪ ডিসেম্বর এসডিও নির্বাচিত কাউন্সিলরদের তাদের পদ থেকে সরিয়ে দিয়ে ওয়ার্ড কোঅর্ডিনেটরদেরকে সেই জায়গায় নিযুক্ত করেন। সেই নিয়োগও বাতিল করেছে আদালত।

*********************

প্ল্যাটফর্ম ফর প্রো-অ্যাকটিভ গভর্ননেন্স অ্যান্ড টাইমলি ইমপ্লিমেনটেশন-'প্রগতি' (PRAGATI)-র অধীনে অসামরিক বিমান চলাচল মন্ত্রকের ৩৮টি প্রকল্পের কাজ চলছে দেশে। প্রকল্পগুলি পিএমজি পোর্টাল তত্ত্বাবধান করছে। এই প্রকল্পগুলির জন্য খরচ হবে প্রায় ৯১ হাজার কোটি টাকা।

এই ৩৮টি প্রকল্পের মধ্যে ৩টির কাজ পর্যালোচনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৩টি প্রকল্পই কার্যকর হয়েছে। পশ্চিমবঙ্গের জন্য ১ হাজার ৯৪৭ কোটি টাকার ২টি

প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে একটির কাজ সম্পূর্ণ। অপর প্রকল্পের কাজ চলছে।

*********************

কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি গ্রাউন্ডে আজ রঞ্জি ট্রফির ম্যাচে বাংলা, সার্ভিসেসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সকাল ৯ টায়।

এলিট গ্রুপ সি থেকে থাকা বাংলা ৫ ম্যাচে ২৩ পয়েন্ট সংগ্রহ করে গ্রুপ শীর্ষে রয়েছে। সমসংখ্যক ম্যাচ খেলে সার্ভিসেস ১৯ পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়েছে।

*********************

রাজ্যে প্রায় সব জেলাতেই সকাল ও রাতের থেকে শীতের আমেজ থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে চড়ছে তাপমাত্রার পারদ। কলকাতায় সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা দুটোই এখন স্বাভাবিকের উপরে।
আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ৭ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিক থেকে ১ দশমিক ৬ ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি। সকালের দিকে বিক্ষিপ্তভাবে কুয়াশা থাকলেও আগামী এক সপ্তাহে রাজ্যে রৌদ্রজ্জ্বল শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube

channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*********************************************************************